# দরপত্র বিজ্ঞপ্তির সংশোধনী

ঢাকা ওয়াসার মড্স জোন-৮ এর Tender No. 617/Zone-8, Date: 13/01/2013

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, মড্স সার্কেল-২, ওয়াসা ভবন, কারওয়ান বাজার, ঢাকা;

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, ড্রেনেজ (আরএন্ডডি) সার্কেল, সেগুন বাগিচা, ঢাকা;

৩। নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-৫ এর কার্যালয়, মহাখালী;

৪। নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-৬ এর কার্যালয়, ফকিরাপুল এবং

৫। নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-৮ এর কার্যালয়, বারিধারা জে-ব্লকে

গ্রহণ করা হবে।

দরপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

সরকার ক্ষিতীশ চন্দ্র
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৮, ঢাকা ওয়াসা

WASA P.I.-74/2013
GD-453

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেন্টার ফর মেডিকেল এডুকেশন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। ফোন-৮৮২১৮০৯, ফ্যাক্স-৮৮২২৫৬৩
e-mail: cme@ld.dghs.gov.bd Webstie: www.cmedhaka.gov.bd

স্মারক নং-সিএমই/প্রশাসন/নিয়োগ/২০১০/২৭ তারিখঃ ৩০-০১-২০১৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকার মহাখালীস্থ সেন্টার ফর মেডিকেল এডুকেশন কার্যালয়ের স্থায়ী/অস্থায়ী রাজস্বখাতভুক্ত নিম্নে বর্ণিত পদসমূহে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল/২০০৯ | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১) | এ্যাসিসটেন্ট লাইব্রেরীয়ান | ০১ (এক)টি | ৫২০০-১১২৩৫/- | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/সমমান অথবা স্নাতক ডিগ্রিসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণীর ডিপ্লোমা ডিগ্রি অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতক পাস। লাইব্রেরীর কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ঢাকা, বরিশাল, লক্ষ্মীপুর, বি-বাড়ীয়া ও কুমিল্লা। |
| ২) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | ৪৭০০-৯৭৪৫/- | এইচএসসি পাস। কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে Word Processing/Data Entry & Typing সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ৩) | গাড়িচালক | ০২ (দুই)টি | ৪৯০০-১০৪৫০/- ভারী<br>৪৭০০-৯৭৪৫/- হালকা | অষ্টম শ্রেণী পাস। ভারী/হালকা মটরযান চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে। ড্রাইভিং এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৪) | গার্ড/দারোয়ান | ০১ (এক)টি | ৪১০০-৭৭৪০/- | ৮ম শ্রেণী পাস। | |
| ৫) | নাইট গার্ড | ০১ (এক)টি | ৪১০০-৭৭৪০/- | ৮ম শ্রেণী পাস। | |

**শর্তাবলীঃ**

১. কেবলমাত্র বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী/নাগরিকগণ আবেদন করতে পারবেন।

২. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল প্রকার প্রচলিত বিধি-বিধান প্রতিপালিত হবে।

৩. আবেদনপত্রে (ক) আবেদনকারীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী) (ছ) বয়স (১৭/০২/২০১৩ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) বৈবাহিক অবস্থা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টাক্ষরে উল্লেখপূর্বক পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ভবন (৪র্থ তলা), মহাখালী, ঢাকা-১২১২ এর বরাবরে আগামী ১৭-০২-২০১৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে/অন্য কোন মাধ্যমে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. যোগ্যতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

৫. প্রার্থীকে খামের উপরে পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। পদের নাম ও প্রার্থীর নাম, ঠিকানা (যে ঠিকানায় প্রার্থী ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) উল্লেখপূর্বক ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো ০১টি ১০"×৪.৫" সাইজের একটি খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৬. আবেদনকারীর বয়স ১৭-০২-২০১৩খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭. নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটা সংক্রান্ত সরকারের সংশ্লিষ্ট নীতিমালা/বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮. আবেদনপত্রের সহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সনদপত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। জাতীয় পরিচয়পত্র ও জাতীয় জন্ম সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

৯. পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, ঢাকা এর বরাবরে সোনালী ব্যাংকের যে কোন শাখায় '১-২৭৩৩-০০০০-২০৩১' নম্বর ট্রেজারী চালান এর মাধ্যমে আবেদনপত্রের ক্রমিক নং ১ থেকে ৩ নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং ক্রমিক নং ৪ ও ৫ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।

১০. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীদেরকে আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

১২. অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৪. নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এই বিষয়ে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

অধ্যাপক ডাঃ ফাতেমা পারভীন চৌধুরী
পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি

জিডি-৪৫৪

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
স্কিলস্ ডেভেলপমেন্ট প্রজেক্ট
শিক্ষা ভবন (নীচতলা)
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

## ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট" এর (বাংলাদেশ সরকার, এডিবি ও এসডিসি-এর অর্থায়নে গৃহীত) আওতায় দেশের বেকার যুব সমাজের জন্য দেশে বিদেশে কর্মসংস্থান ও স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে নিম্নবর্ণিত সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসমূহে শিল্প প্রতিষ্ঠানের চাহিদার প্রতিফলন করে প্রণীত সিলেবাস অনুযায়ী কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত ৩৬০ ঘন্টার বৈকালিক ট্রেড কোর্সে Market Responsive Trade Course (MRTC) দ্বিতীয় পর্যায়ে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ট্রেড কোর্সের নাম ঃ
- প্লাম্বিং এন্ড পাইপ ফিটিংস (Plumbing and Pipe Fittings)
- ম্যাসনরি এন্ড রড বাইন্ডিং (Masonry and Rod Binding)
- ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন (Welding and Fabrication)
- জেনারেল ইলেকট্রিশিয়ান (General Electrician)

সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটসমূহ ঃ ফরিদপুর, বরিশাল, খুলনা, যশোর, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, বগুড়া, পাবনা, রংপুর, সিলেট ও বাংলাদেশ সুইডেন (কাপ্তাই) পলিটেকনিক ইন্সটিটিউট।

ভর্তির শেষ তারিখ ঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৩।

ক্লাস শুরু ঃ ১৬ ফেব্রুয়ারি ২০১৩।

বিশেষ সুবিধা ঃ মেয়েদের জন্য ১৫% কোটা সংরক্ষিত।

আসন সংখ্যা (প্রতি ট্রেডে) ঃ ২৫ (যোগ্য বিবেচিত প্রার্থীদের আগে আসলে আগে ভর্তির সুযোগ)।

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণী।

বয়সসীমা ঃ ১৫-৪০ বৎসর।

বিশেষ জ্ঞাতব্য ঃ
- এ কোর্সের জন্য ছাত্র/ছাত্রীদের নিকট থেকে কোন কোর্স ফি গ্রহণ করা হবে না। কেবলমাত্র ভর্তি ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা গ্রহণ করা হবে।
- এ কোর্সে হাতে কলমে কাজ শিখে দক্ষতা অর্জনের সুযোগ রয়েছে। সাফল্যের সঙ্গে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের এককালীন অনুদান প্রদান করা হবে।
- যাদের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কোন কোর্সে রেজিস্ট্রেশন (Registration) আছে তারা এ কোর্সে ভর্তির অযোগ্য বিবেচিত হবেন।
- ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাসে ন্যূনতম ৮০% উপস্থিতি থাকতে হবে। অন্যথায় চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখাসহ এককালীন অনুদানের টাকা বাতিল করা হবে।
- কোর্স শেষে কারিগরি শিক্ষা বোর্ড থেকে সার্টিফিকেট প্রদান করা হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য সংশ্লিষ্ট পলিটেকনিক ইন্সটিটিউটের রেজিস্ট্রার সেকশনে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

চৌধুরী মুফাদ আহমদ
প্রকল্প পরিচালক

জিডি-৪২৩

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা), রমনা, ঢাকা-১০০০

সূত্রঃ বিটিআরসি/এল এল/ল'চেম্বার/লেক্স(৩৩৯)/২০০৯-১০০ তারিখঃ ৩০/০১/২০১৩

## প্যানেল আইনজীবী/ল'ফার্ম তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কমিশন) এ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্যানেল আইনজীবী/ফার্ম তালিকাভুক্ত করিবার লক্ষ্যে বাংলাদেশী আইনজীবীগণ/ ল'ফার্ম এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী ঃ**

১। আবেদনকারী আইনজীবীগণ/ল'ফার্ম এর আইনজীবীগণকে অবশ্যই কমপক্ষে এলএল.বি ডিগ্রিধারী হতে হবে এবং এককভাবে মামলা পরিচালনা ও মতামত প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ০৭ (সাত) বছরের আইন পেশায় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। অবসরপ্রাপ্ত জেলা জজ/বার-এট-ল/অনার্সসহ এলএলএম ডিগ্রিসহ উচ্চ আদালতে মামলা পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমা শিথিলযোগ্য।

২। আবেদনকারী আইনজীবী/ল'ফার্ম এর আইনজীবীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩। আবেদনকারী আইনজীবী/ল'ফার্মকে কোম্পানি আইন, পার্টনারশীপ আইন, ব্যাংকিং আইন, টেলিযোগাযোগ সংক্রান্ত আইন, সার্ভিস রুলস, শেয়ার ও সিকিউরিটিজ, বৈদেশিক বিনিময়, পাবলিক সেক্টর, স্বায়ত্তশাসিত সংস্থা, কমিশনের বিধি-বিধান সম্পর্কে জ্ঞানসম্পন্ন হতে হবে।

৪। আবেদনকারী আইনজীবী/ল'ফাম এর আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, পেশাগত সার্টিফিকেট, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত আইনজীবী সনদপত্র এর সত্যায়িত অনুলিপি, এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন প্রদত্ত মেম্বারশীপ সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকতে হবে।

৫। আবেদনকারী আইনজীবী/ল'ফার্ম-কে আবেদনপত্রের সাথে প্রস্তাব আকারে সিডিউল অব ফিস দাখিল করতে হবে।

৬। কমিশন কর্তৃক প্রদেয় বিষয়ে আইনগত পরামর্শের জন্য প্যানেল আইনজীবী/ল'ফার্ম কে কমিশন কর্তৃক অনুমোদিত সিডিউল অব ফিস অনুযায়ী বিল প্রদান করা হবে।

৭। আইনজীবীগণ/ল'ফার্ম প্যানেল হতে case to case basis আইনজীবী/ল'ফার্ম নিয়োগ করা হবে।

৮। আবেদনকারী আইনজীবীগণ/ল'ফার্ম একের অধিক প্রতিষ্ঠানে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত উল্লেখ করে তালিকা প্রদান করতে হবে।

৯। প্যানেলভুক্ত আইনজীবীগণ/ল'ফার্ম এর নিয়োগের মেয়াদকাল ০২ (দুই) বছল বলবৎ থাকবে, তবে মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতির ক্ষেত্রে যে কোন পক্ষ হতে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করতে হবে।

১০। কোন মামলার কোন পর্যায়ে যে কোন ল'ফার্ম এর আইনজীবীগণ একবার বা একাধিকবার কমিশনের পক্ষে কাজ করলে, পরবর্তীতে তিনি কমিশনে নিযুক্ত থাকুন বা না থাকুন, উক্ত মামালায় বা উক্ত মামলা হতে উদ্ভুত কোন আপীল, রিভিশন বা রিভিউ মামলায় কমিশনের বিপরীত পক্ষ অবলম্বন করতে পারবেন না।

উপরোক্ত তথ্য সম্বলিত আবেদনপত্র আগামী ২৪/০২/২০১৩ তারিখের মধ্যে কমিশনের কার্যালয়ে অবস্থিত নির্ধারিত বক্সে জমা দিতে হবে এবং একইদিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত আবেদনকারী/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) আবেদনপত্র খোলা হবে। কমিশন কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী/ল'ফার্ম তালিকাভুক্তির বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপ-পরিচালক
লিগ্যাল এন্ড লাইসেন্সিং

জিডি-৪৪৯

**Government of the People's Republic of Bangladesh**
Introduction of MRP & MRV in Bangladesh
Department of Immigration and Passports
Passport Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207

# Invitation for International Tender

Government of the People's Republic of Bangladesh

| | | |
|---|---|---|
| 1. | Ministry/Division | Ministry of Home Affairs (MOHA), Government of the People's Republic of Bangladesh. |
| 2. | Agency | Department of Immigration & Passports (DIP). |
| 3. | Procuring entity name | Director General. |
| 4. | Procuring entity code | DDOID-220220 |
| 5. | Procuring entity district | Dhaka, Bangladesh. |
| 6. | Invitation for | Tender for procurement of goods and its related services - hardware and software based solution, installation and its related services for Implementation of Machine Readable Passport (MRP) at 33 Regional Passport Offices (RPO) in Bangladesh. |
| 7. | Invitation Ref Nos. | MRP-MRV/Estb/Tender-MRP/8-01/09(Part-3)/2012/52 |
| 8. | Date | 30/01/2013. |
| **KEY INFORMATION** | | |
| 9. | Procurement method | Open Tendering Method (International). |
| **FUNDING INFORMATION** | | |
| 10. | Budget and source of funds | Government of Bangladesh (GOB) |
| 11. | Development partners (if applicable) | None |
| **PARTICULAR INFORMATION** | | |
| 12. | Project/programme code (if applicable) | 2200-2275-5020 |
| 13. | Project/programme name | Introduction of MRP and MRV in Bangladesh. |
| 14. | Tender package No. | 02 |
| 15. | Tender package name | Implementation of Machine Readable Passport (MRP) at 33 Regional Passport Offices (RPO) in Bangladesh. |

| | | Date | Time |
|---|---|---|---|
| 16. | Tender publication date | 31/01/2013. | |
| 17. | Tender last selling date | 24/03/2013. | |
| 18. | Tender closing date and time | 27/03/2013 | BST12:00noon |
| 19. | Tender opening date and time | 27/03/2013 | BST 2.00pm |

| | | |
|---|---|---|
| 20. | Name & Address of the office(s) | |
| | Selling tender document (principal) | Accounts Officer, Introduction of MRP & MRV in Bangladesh Project.<br>Room No-808, 7th Floor, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207. |
| | Receiving tender document | Project Director, Introduction of MRP & MRV in Bangladesh Project.<br>Room No-801, 7th Floor, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207. |
| | Opening tender document | Conference Room, Room No-602, 5th Floor, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207. |

| | | Date | Time | Place |
|---|---|---|---|---|
| 21 | Place/date/time of pre-tender meeting | 07-03-2013 | BST 11.00am | Conference Room, Room No-602, 5th Floor, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207. |

**INFORMATION FOR TENDERER**

| | | |
|---|---|---|
| 22. | Eligibility of tenderer | The interested international vendor shall have the following financial background and professional experience:<br>a) Minimum turnover of USD 100 (hundred) Million in last 3 years.<br>b) The tenderer must have proven experience in<br>• Providing networking equipment supply, design and installation and services within last 5 (five) years in the field of MRP/MRV.<br>• Design and Development of large scale security intensive software within last 5 (five) years in the field of MRP/MRV.<br>• The tenderer should be able to prove the experience of supply, installation, commissioning and maintenance of MRP Project in last five years in minimum 3 (three) different countries.<br>• Experience in setting up MRP project along with data capturing processing and in at least 3 (three) different countries within last 5 (five) years.<br>• The tenderer should have supplied and completed satisfactorily a similar system of minimum value USD 20 (twenty) million or equivalent under a single supply contract in the last 5 (five) years. |
| 23. | Brief description of goods or works | Rack 24U-33, Rack 42U-15, RAM 4GB-30, HDD 1 TB-70, Router: Type B-66, Switch B-02, Switch C-66, Server C-33, Host/Work Station-528, Firefighting System-33, PVR-33, Biometric Capturing Device-132, Digital Camera with Accessories-126, Web Cam-268, Bar Code Reader-396, MRZ Reader-21, Scanner-305, Printer-240, Additional Information Printer-10, UPS B-2069, UPS 40 KVA-02, UPS 20KVA-01, Antivirus-1763, Generator 30 KVA-33, CCTV System-33, Ac(2ton)-132, Photocopier-33, LAN Connection–660, WAN Connection-33, RDBMS- Named Licence-33, Application Software Package-33, MS Office-04, Storage Array 200TB/extended to 100TB-02, Data Encryption Hardware-04, Tape Backup-01, Tape Library 24S Package-01, Software based IP PBX-01<br>Main features of the plant/installation shall include suitable design, specification, LAN & WAN, user friendly technique, business process, effective management, technical training, technology transfer and full life cycle integrated system, etc. |
| 24. | Brief description of related services | a. Installation & Implementation Services<br>b. Training of Govt. Personnel<br>c. Training on Technology<br>d. Transportation of personalized Passport<br>f. Technology Transfer. |
| 25. | Price of tender document (Tk) | BDT 1,00,000 (one hundred thousand only) |

| | Lot No. | Identification of Lot | Location | Tender security amount | Completion time weeks/months |
|---|---|---|---|---|---|
| 26. | 1 | Implementation of MRP at 33 Regional Passport Office (RPO) in Bangladesh (in a Single Lot) | DIP Headquarter-1 National Issuance Centre-1, Disaster Recovery Centre-1, Data Centre-1, Existing 34 RPO's in Bangladesh, and 33 new RPO's (Detail address is available in tender document). | BDT 5,00,00,000.00 (fifty million) or equivalent convertible amount | a) Implementation of MRP in 33 RPO's within 2 months from the date of signing of contract.<br>b) Technology transfer within 01 (one) year.<br>c) Operation and maintenance 36 months (including (a) and (b) d) Training should be completed within 01 (one) year. |

**PROCURING ENTITY DETAILS**

| | | |
|---|---|---|
| 27. | Name of official inviting tender | Project Director, Introduction of MRP and MRV in Bangladesh. |
| 28. | Designation of official inviting tender | Project Director. |
| 29. | Address of official inviting tender | Project Director, Introduction of MRP and MRV in Bangladesh, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207. |
| 30. | Contact details of official inviting tender | Project Director, Introduction of MRP and MRV in Bangladesh, Department of Immigration and Passports, Immigration & Passports Bhaban, E-7, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207<br>Fax-02-9146441, Email: mrp_bd@yahoo.com |
| 31 | The procuring entity reserves the right to accept or reject all tenders. | |

GD-426 **Project Director**